



# কুমিল্লা বিশ্ববিদ্যালয়

কুমিল্লা-৩৫০৬

ফোন: ০২৩৩৪৪১১১৪৫, মোবাইল: ০১৭৯০-৯৭৭৪৯৭, ই-মেইল: registrar@cou.ac.bd, website: www.cou.ac.bd

স্মারক কু:বি:/তথ্য ও জন./প্রো.বি/২০০৯/৬৩৬

তারিখ: ০৭/০৯/২০২৫ খ্রি.

## প্রেস বিজ্ঞপ্তি

### কুমিল্লা বিশ্ববিদ্যালয়ের ২য় সমাবর্তন ৭ ডিসেম্বর ২০২৫

মহামান্য রাষ্ট্রপতি ও বিশ্ববিদ্যালয়ের মাননীয় চ্যান্সেলর এর সম্মতি সাপেক্ষে ৭ ডিসেম্বর ২০২৫ খ্রি. তারিখ রবিবার কুমিল্লা বিশ্ববিদ্যালয়ের ২য় সমাবর্তন অনুষ্ঠিত হবে। সমাবর্তন অনুষ্ঠানে মহামান্য রাষ্ট্রপতি ও বিশ্ববিদ্যালয়ের মাননীয় চ্যান্সেলর এর প্রতিনিধিত্ব করবেন সড়ক পরিবহন ও সেতু মন্ত্রণালয়ের মাননীয় উপদেষ্টা জনাব মুহাম্মদ ফাওজুল কবির খান এবং সমাবর্তন বক্তা হিসেবে উপস্থিত থাকতে সম্মতি জ্ঞাপন করেছেন বিশ্ববিদ্যালয় মঞ্জুরী কমিশনের মাননীয় চেয়ারম্যান প্রফেসর ড. এস এম এ ফায়েজ।

আজ (৭ সেপ্টেম্বর) রবিবার বিশ্ববিদ্যালয়ের মাননীয় উপাচার্য প্রফেসর ড. মোঃ হায়দার আলী, মাননীয় উপ-উপাচার্য প্রফেসর ড. মাসুদা কামাল এবং মাননীয় ট্রেজারার প্রফেসর ড. মোহাম্মদ সোলায়মান মাননীয় সড়ক পরিবহন ও সেতু মন্ত্রণালয়ের মাননীয় উপদেষ্টা জনাব মুহাম্মদ ফাওজুল কবির খান এর সাথে সাক্ষাৎ করেন। এ সময় বিশ্ববিদ্যালয়ের রাস্তা প্রশস্ত করার বিষয়ে মাননীয় উপদেষ্টার সাথে আলোচনা করা হয়। এছাড়াও বিআরটিসি থেকে বাস প্রদানের বিষয়ে সড়ক পরিবহন ও মহাসড়ক বিভাগের সিনিয়র সচিব জনাব মোঃ এহছানুল হক এর সাথে আলোচনা হয়।

সমাবর্তন সুষ্ঠুভাবে আয়োজনের লক্ষ্যে কেন্দ্রীয় কমিটি ও বিভিন্ন উপ-কমিটি গঠন করা হয়েছে এবং রেজিস্ট্রেশন প্রক্রিয়া শীঘ্রই শুরু করা হবে।

সমাবর্তনের বিস্তারিত তথ্যাদি বিজ্ঞপ্তি ও বিশ্ববিদ্যালয়ের ওয়েব সাইটে যথাসময়ে প্রকাশ করা হবে।

(মোহাম্মদ এমদাদুল হক)  
জনসংযোগ কর্মকর্তা (অতিরিক্ত দায়িত্ব)  
কুমিল্লা বিশ্ববিদ্যালয়, কুমিল্লা-৩৫০৬

অনুলিপি:

১. পিএস টু ভিসি (উপাচার্য মহোদয়ের সদয় অবগতির জন্য), কুবি।
২. পিএস টু প্রো-ভিসি (উপ-উপাচার্য মহোদয়ের সদয় অবগতির জন্য), কুবি।
৩. পিএ টু ট্রেজারার (ট্রেজারার মহোদয়ের সদয় অবগতির জন্য), কুবি।
৪. সংশ্লিষ্ট নথি